

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শিক্ষা মন্ত্রণালয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ আইন-২ শাখা বাংলাদেশ সচিবালয়, ঢাকা www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৩২

_{ভা}় ৭ চৈত্র ১৪২৮

২১ মার্চ ২০২২

বিষয: কনটেম্পট পিটিশন নং- ৩৭৫/২০২১ (রিট পিটিশন নং- ১১৪৩০/২০১৫ হতে উদ্ভুত) পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার হরিণাকুণ্ডু উপজেলাধীন সালেহা বেগম মহিলা ডিগ্রি কলেজের ১৯ জন শিক্ষক কর্মচারী মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১১৪৩০/২০১৫ এবং মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের সিভিল ফর লিভ টু আপিল নং-১২০/২০১৮ ও মহামান্য হাইকোর্টের কনটেম্পট পিটিশন নং-৬২৮(A) এর রায়ের প্রেক্ষিতে ১৪জন শিক্ষক কর্মচারী এম.পি.ও ভুক্ত হওয়ায় বাকী ৫ (পাঁচ) জন জনাব মো: মামুনুর রশীদ, প্রভাষক, বাংলা গং ৩য় শিক্ষক হিসেবে এম.পি.ও ভুক্তি হতে না পারায় তাঁরাসংক্ষুব্ব হয়েমহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৩৭৫/২০২১ দায়ের করেন। এ কনটেম্পট মামলায়গত ০৯ ফেবুয়ারি ২০২২ তারিখে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ১নং বিবাদী হিসেবে অন্তর্ভূক্ত করা হয়েছে।

যেহেতুকনটেম্পট পিটিশন নং-৩৭৫/২০২১ (রিট পিটিশন নং-১১৪৩০/২০১৫হতে উদ্ভুত)মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে বিবাদী করা হয়েছে সেহেতু সচিব মহোদয়ের পক্ষ থেকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) কনটেম্পট পিটিশন নং- ৩৭৫/২০২১ (রিট পিটিশন নং-১১৪৩০/২০১৫হতে উদ্ভুত)মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌসুলি নিয়োগ করা।
- (খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ।
- (গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।
- (ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌসুলির নিকট প্রেরণ করা।
- (৬) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

২১-৩-২০২২ মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৯৫৭৬৬৭৯

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: info@moedu.gov.bd

মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৩২/১(৪)

তারিখ: ৭ <u>চৈত্র ১৪২৮</u> ২১ মার্চ ২০২২

সদ্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

()

২১-৩-২০২২ মোঃ সেলিম সিকদার সহকারী সচিব